ঢাকা বিশ্ববিদ্যালয়

‘ঘ’ ইউনিট

সামাজিক বিজ্ঞান অনুষদ

২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার নির্দেশিকা

ভর্তি পরীক্ষা: ১১ জুন ২০২২, শনিবার সকাল ১১:০০ টা
পরীক্ষার সময়: ১ ঘন্টা ৩০ মিনিট
পরীক্ষার হলে প্রবেশের সর্বশেষ সময়: সকাল ১০:৩০ মিনিট

উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষার শাখাসমূহ	যে সকল বিভাগ/ ইনস্টিটিউটে ভর্তি হওয়া যাবে
বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা শিক্ষাবোর্ডের বিজ্ঞান শাখা	কলা, সামাজিক বিজ্ঞান ও বিজনেস স্টাডিজ অনুষদের বিভাগসমূহ, আইন অনুষদের আইন বিভাগ, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ এবং আধুনিক ভাষা ইনস্টিটিউট
মানবিক শাখা	বিজ্ঞান অনুষদের পরিসংখ্যান বিভাগ এবং বিজনেস স্টাডিজ অনুষদের সকল বিভাগ
ব্যবসায় শিক্ষা, ডিপ্লোমা-ইন-কমার্স ও বিজনেস ম্যানেজমেন্ট শাখা	কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের বিভাগসমূহ, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ভূগোল ও পরিবেশ বিভাগ, জীববিজ্ঞান অনুষদের মনোবিজ্ঞান বিভাগ, আইন অনুষদের আইন বিভাগ, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ এবং আধুনিক ভাষা ইনস্টিটিউট

১. ভর্তিযোগ্য বিভাগ

কলা অনুষদ : বাংলা; ইংরেজী; আরবী; ফারসি ভাষা ও সাহিত্য; উর্দু; সংস্কৃত; পালি ও বুদ্ধিস্ট স্টাডিজ; ইতিহাস; দর্শন; ইসলামিক স্টাডিজ; ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা; থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ; ভাষাবিজ্ঞান; সংগীত; বিশ্ব ধর্ম ও সংস্কৃতি; এবং নৃত্যকলা বিভাগ

সামাজিক বিজ্ঞান অনুষদ: অর্থনীতি; রাষ্ট্রবিজ্ঞান; আন্তর্জাতিক সম্পর্ক; সমাজবিজ্ঞান; গণযোগাযোগ ও সাংবাদিকতা; লোক প্রশাসন; নৃবিজ্ঞান; পপুলেশন সায়েন্সেস; শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন; উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ; ডেভেলপমেন্ট স্টাডিজ; টেলিভিশন, ফিল্ম এন্ড ফটোগ্রাফি; ক্রিমিনোলজি; কমিউনিকেশন ডিজঅর্ডারস; প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ এবং জাপানিজ স্টাডিজ বিভাগ

বিজনেস স্টাডিজ অনুষদ: ম্যানেজমেন্ট; একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস; মার্কেটিং; ফিন্যান্স; ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স; ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস; ইন্টারন্যাশনাল বিজনেস; ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট এবং অর্গানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ বিভাগ

বিজ্ঞান অনুষদ: গণিত ও পরিসংখ্যান বিভাগ
জীব বিজ্ঞান অনুষদ: মনোবিজ্ঞান বিভাগ
আইন অনুষদ: আইন বিভাগ।
আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ: ভূগোল ও পরিবেশ বিভাগ
সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট: সমাজকল্যাণ
স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট: স্বাস্থ্য অর্থনীতি
শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট: ব্যাচেলর অব এডুকেশন
ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ : ব্যাচেলর অব ডিজাস্টার ম্যানেজমেন্ট
আধুনিক ভাষা ইনস্টিটিউট : BA Honours in English for Speakers of Other Languages (ESOL)
BA Honours in French Language and Culture (FLC)
BA Honours in Chinese Language and Culture (CLC)
BA Honours in Japanese Language and Culture (JLC)

২. প্রার্থীর প্রাথমিক যোগ্যতা

- যে সকল ছাত্র/ছাত্রী ২০১৬ থেকে ২০১৯ সন পর্যন্ত মাধ্যমিক/সমমান এবং ২০২১ সনে নিম্নলিখিত পরীক্ষাসমূহের মধ্যে

  ক. উচ্চ মাধ্যমিক (মানবিক, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা)

  খ. মাদ্রাসা বোর্ডের আলিম (মানবিক ও বিজ্ঞান)

  গ. বিজনেস ম্যানেজমেন্ট, ডিপ্লোমা-ইন-কমার্স

  ঘ. IAL/GCE (এ লেভেল) বা সমমানের বিদেশী সার্টিফিকেট

  যে কোন একটি পাশ করেছে এবং যারা উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত বিষয় বাদ দিয়ে অন্য বিষয়ে বা বিভাগে ভর্তি হতে ইচ্ছুক তারা নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

শর্তসমূহ

ক। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কোন বিষয়ে 'বি' গ্রেড (গ্রেড পয়েন্ট ৩.০)-এর কম হলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

খ। মানবিক শাখা (মাদ্রাসা শিক্ষা বোর্ডসহ) থেকে আগত ছাত্র/ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (৪র্থ বিষয়সহ) পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর যোগফল ন্যূনতম ৭.৫০ হতে হবে। তবে তবে মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে। উল্লেখ্য, মানবিক শাখা থেকে আগত শিক্ষার্থীদের উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় অর্থনীতি অথবা গণিত থাকতে হবে। **যাদের উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় অর্থনীতি বিষয়ে 'বি' গ্রেড অথবা গণিত বিষয়ে 'এ' গ্রেড নাই তারা ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে না।**

গ। বিজ্ঞান, কৃষিবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা শিক্ষাবোর্ডের বিজ্ঞান শাখা থেকে আগত ছাত্র/ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (৪র্থ বিষয়সহ) পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর যোগফল ন্যূনতম ৮.০০ হতে হবে। তবে তবে মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে।

ঘ। ব্যবসায় শিক্ষা, ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ ও বিজনেস ম্যানেজমেন্ট শাখা থেকে আগত প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-এর যোগফল ন্যূনতম ৭.৫০ হতে হবে। তবে মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।

ঙ। IGCSE (O-Level) এবং IAL/GCE (A-Level) প্রার্থীদের ক্ষেত্রে : ২০১৬ থেকে ২০১৯ সন পর্যন্ত O-Level পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ২০২১ সনের A-Level পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীগণ ভর্তির জন্য আবেদন করতে পারবে। O-Level এবং A-Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের পয়েন্ট নিম্নরূপ হবেঃ A= 5.0 B= 4.0 C= 3.5

চ। সমমানের বিদেশী সার্টিফিকেট/ডিপ্লোমাধারী প্রার্থীরা IAL/GCE (এ লেভেল) ছাত্র-ছাত্রীদের অনুরূপ আবেদন ও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৩. প্রার্থীর করণীয়

ক। প্রার্থীকে ২০/৪/২০২২ তারিখ বিকেল ৪:০০ টা হতে ১০/৫/২০২২ তারিখের মধ্যে Dhaka University Admission Website (http://admission.eis.du.ac.bd) এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। ভর্তির আবেদনের জন্য শিক্ষার্থীর উচ্চ মাধ্যমিক এবং মাধ্যমিকের তথ্য, বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর, পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র নম্বর (ঐচ্ছিক), শিক্ষার্থী যে বিভাগীয় শহরে পরীক্ষা দিতে আগ্রহী, কোটা এবং স্ক্যান করা একটি ছবির প্রয়োজন পড়বে। ভর্তির আবেদন ফি তাৎক্ষণিক অনলাইনে বা চারটি ব্যাংকে (সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী) নির্ধারিত সময়সীমার মধ্যে জমা দেয়া যাবে। আবেদন ও ফি জমার বিষয়ে বিস্তারিত তথ্য উক্ত ওয়েবসাইটে বিস্তারিতভাবে পাওয়া যাবে।

খ। **সমতা নিরূপণঃ** IGCSE (ও লেভেল), IAL/GCE (এ লেভেল) ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতা নিরূপণের জন্য http://admission.eis.du.ac.bd ওয়েবসাইটে গিয়ে "সমমান আবেদন" বা "Equivalence Application" মেনুতে আবেদন করে তাৎক্ষণিকভাবে অনলাইনে নির্ধারিত ফি জমা দিতে হবে। সমতা নিরূপণের পর প্রাপ্ত "Equivalence ID" ব্যবহার করে সাধারণ শিক্ষার্থীদের মত তারা একই ওয়েবসাইটে লগইন করে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে।

গ। **কোটায় ভর্তিযোগ্য প্রার্থীদের ক্ষেত্রে :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর ওয়ার্ড (কেবল ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী), ক্ষুদ্র নৃগোষ্ঠি, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক ও নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস) ও মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি, খেলোয়াড় [শুধু বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রী] কোটায় ভর্তির যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবে।

যারা অনলাইনে আবেদন করার সময় কোটায় টিক দিবে এবং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হবে, কেবল তারাই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র প্রদর্শনপূর্বক ফলাফল প্রকাশের ৭ (সাত) দিনের মধ্যে 'ঘ' ইউনিট অফিস থেকে নির্ধারিত কোটার ফরম সংগ্রহ করে আবেদন করতে পারবে।

কোটায় আবেদনের আবেদনের সময় নিম্নলিখিত প্রত্যয়নপত্র/সনদপত্র দাখিল করতে হবে। আবেদনের নিয়মাবলি ফলাফল প্রকাশের পর অনলাইনে নোটিশের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

i) ওয়ার্ড কোটার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অফিস প্রধানের প্রত্যয়নপত্র;
ii) ক্ষুদ্র নৃগোষ্ঠি কোটার ক্ষেত্রে স্ব-স্ব ক্ষুদ্র নৃগোষ্ঠি প্রধান/জেলা প্রশাসন-এর সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
iii) হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্র;
iv) প্রতিবন্ধী কোটার (দৃষ্টি, বাক, শ্রবণ ও শারীরিক) ক্ষেত্রে সনদপত্র;
v) মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র অথবা ১৯৯৭ সন থেকে ২০০১ সন পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধার সনদপত্র।

৪. ভর্তি পরীক্ষা

আসন সংখ্যা: বিজ্ঞান শাখায়- ৯০৫টি, ব্যবসায় শিক্ষা শাখায়- ২৬৫টি ও মানবিক শাখায়- ২৫টি, বিভিন্ন কোটায় ১৪১টি, সর্বমোট= ১৩৩৬টি।

ক. ভর্তি পরীক্ষার নম্বর ও সময় বিন্যাস

- ভর্তি পরীক্ষার মোট নম্বর: ১০০; সময়: ১ ঘন্টা ৩০ মিনিট
- Multiple Choice Question (MCQ)- ৬০ নম্বর; (প্রতি প্রশ্নের মান-১, প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে।) **সময়: ৪৫ মিনিট।**
- লিখিত পরীক্ষা- ৪০ নম্বর; **সময়: ৪৫ মিনিট।**
- **Multiple Choice Question (MCQ) এর নম্বর বন্টন**

বিষয়	প্রশ্ন সংখ্যা	নম্বর
ক. বাংলা / Advanced English*	১৫×১	১৫
খ. ইংরেজি	১৫×১	১৫
গ. সাধারণ জ্ঞান	৩০×১	৩০
মোট =	৬০×১	**৬০**
* যারা A-Level পাশ করেছে কেবল তারাই Advanced English উত্তর দিবে।		

- **লিখিত পরীক্ষার নম্বর বন্টন**

বিষয়	নম্বর
ক. বাংলা/ Advanced English*	১৫
খ. ইংরেজি	১৫
গ. সাধারণ জ্ঞান (বিশ্লেষণধর্মী)	১০
মোট =	**৪০**
* যারা A-Level পাশ করেছে কেবল তারাই Advanced English উত্তর দিবে।	

খ. পাশ নম্বর

(i) MCQ পরীক্ষায় বাংলায়/Advanced English ন্যূনতম- ০৬ নম্বর, ইংরেজিতে ন্যূনতম- ০৬ নম্বর, সাধারণ জ্ঞানে ন্যূনতম- ১২ নম্বর পেলে উত্তীর্ণ বলে বিবেচিত হবে। MCQ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে প্রাপ্ত নম্বরের ক্রম অনুযায়ী প্রত্যেক গ্রুপের (বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার) মোট আসন সংখ্যার কমপক্ষে পাঁচ (৫) গুণ লিখিত উত্তরপত্র মূল্যায়ন করা হবে।

(ii) লিখিত পরীক্ষার অংশে ন্যূনতম ১২ নম্বর পেতে হবে। MCQ ও লিখিত উভয় পরীক্ষা মিলিয়ে সর্বমোট পাশ নম্বর ৪০।

(iii) উল্লেখিত (i) ও (ii) নং বিধি সকল কোটার (ওয়ার্ড, মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃগোষ্ঠি, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী ও খেলোয়াড়) ক্ষেত্রে প্রযোজ্য হবে।

গ. পরীক্ষার বিষয়সমূহ

(i) MCQ পরীক্ষার বিষয়সমূহ

বাংলা ও ইংরেজি	উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে বাংলা ও ইংরেজি বিষয়ের প্রশ্ন জাতীয় পাঠ্যপুস্তক বোর্ড নির্ধারিত শিক্ষাক্রমের পাঠ্যসূচির আলোকে প্রণীত হবে।
Advanced English	‘ও’ লেভেল এবং ‘এ’ লেভেল এর ইংরেজি বিষয়ে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।
সাধারণ জ্ঞান	বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি এবং মাধ্যমিক পর্যায়ে পঠিত গণিত ও আইসিটি বিষয়ক প্রশ্ন প্রণয়ন করা হবে।

(ii) লিখিত পরীক্ষার বিষয়সমূহ

বাংলা ও ইংরেজি	বাংলা ও ইংরেজি বিষয়ের লিখিত অংশে মূলত পরীক্ষার্থীদের লিখন দক্ষতা যাচাই করা হবে। এই লক্ষ্যে উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে জাতীয় পাঠ্যপুস্তক বোর্ড নির্ধারিত বাংলা ও ইংরেজি গ্রন্থের পাঠ্যসূচির আলোকে বাংলা ও ইংরেজি বিষয়ের প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।
Advanced English	‘ও’ লেভেল এবং ‘এ’ লেভেল এর ইংরেজি বিষয়ের উপর প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।
সাধারণ জ্ঞান	বাংলা ও ইংরেজিতে দুইটি সাধারণ জ্ঞান সংশ্লিষ্ট বিশ্লেষণধর্মী প্রশ্ন প্রণয়ন করা হবে।

ঘ. ভর্তি পরীক্ষার আসন বিন্যাস ও ফলাফল প্রকাশ

(i) ভর্তি পরীক্ষা আট (৮) টি বিভাগীয় শহরে অনুষ্ঠিত হবে। প্রার্থী আবেদনের সময়ে অনলাইনে যে বিভাগে পরীক্ষা দিতে ইচ্ছুক ঐ বিভাগের অপশন সিলেক্ট করবে। পরীক্ষার তিন (৩) দিন পূর্বে অনলাইনে পরীক্ষার আসন প্রকাশ করা হবে ।

(ii) পরীক্ষার ফলাফল ভর্তি পরীক্ষার পরবর্তী এক (১) মাসের মধ্যে অনলাইনে প্রকাশ করা হবে ।

৫. মেধা তালিকা

ক। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক/সমমানের পরীক্ষায় ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মোট ১২০ নম্বরের মেধাস্কোর তৈরি করা হবে। মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ ১০+১০= ২০ (বিশ) নম্বর ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করা হবে। সেক্ষেত্রে ছাত্র/ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ কে (৪র্থ বিষয়সহ) ২ দিয়ে গুণ করে ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের সাথে যোগ করা হবে।

খ। মেধাস্কোরের ভিত্তিতে প্রার্থীদের মেধাতালিকা তৈরি করা হবে। মেধাতালিকা হবে নিম্নরূপ:

(i) বিজ্ঞান শাখা থেকে আগত প্রার্থীদের জন্যে একটি মেধাতালিকা;
(ii) মানবিক শাখা থেকে আগত প্রার্থীদের জন্যে একটি মেধাতালিকা এবং
(iii) ব্যবসায় শিক্ষা শাখা থেকে আগত প্রার্থীদের জন্যে একটি মেধাতালিকা

গ। মেধাস্কোর একই হলে প্রার্থীদের ভর্তি পরীক্ষার MCQ-তে প্রাপ্ত নম্বরকে অগ্রাধিকার দেয়া হবে। এ দু’টি সমান হলে পর্যায়ক্রমে নিম্নলিখিত মাপকাঠি প্রয়োগ করে ভর্তির অগ্রাধিকার নির্ণয় করা হবে:

(i) উচ্চ মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় জিপিএ (৪র্থ বিষয়সহ);
(ii) মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় জিপিএ (৪র্থ বিষয়সহ);
(iii) পর্যায়ক্রমে উল্লিখিত মাপকাঠি প্রয়োগ করে প্রার্থীদের অগ্রাধিকার তালিকা নির্ণয় করা সম্ভব না হলে কর্তৃপক্ষ অন্য কোন যৌক্তিক মাপকাঠি প্রয়োগ করে অগ্রাধিকার নির্ণয় করবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঘ। ভর্তি পরীক্ষার ফল প্রকাশের পর অন-লাইনের মাধ্যমে বিষয়/বিভাগ পছন্দ-ফরম পূরণ করতে হবে। বিষয় পছন্দের ক্ষেত্রে অনলাইনে যে বিষয়গুলো প্রদর্শিত হবে সেখান থেকে পছন্দ অনুযায়ী বিষয়ের ক্রম উল্লেখ করতে হবে এবং অনলাইনে প্রদর্শিত সব কয়টি বিষয়ই পছন্দের তালিকায় রাখতে হবে।

৬. ভর্তির শর্ত ও বিভাগভিত্তিক আসন সংখ্যা

নিচের সারণিতে উল্লিখিত বিষয় থেকে প্রাপ্ত বিশেষ শর্তাবলি পূরণ সাপেক্ষে প্রার্থীদের পছন্দক্রম অনুযায়ী ভর্তির জন্য মনোনয়ন প্রদান করা হবে।

নং	বিভাগ	উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যা থাকা আবশ্যক ও অন্যান্য যোগ্যতা	মেধায় আসন সংখ্যা			কোটায় আসন সংখ্যা	সর্বমোট
			বিজ্ঞান	ব্যবসায়	মানবিক		
০১	অর্থনীতি	অর্থনীতি/ গণিত/ পরিসংখ্যান/ অর্থনীতি ও বাণিজ্যিক ভুগোল এর যে কোন ১টি বিষয়ে A- (এ মাইনাস) গ্রেড থাকতে হবে। অর্থনীতির পরিপূরক হিসেবে ইসলামিক অর্থনীতি/ গার্হস্থ্য অর্থনীতি গ্রহণযোগ্য হবে না। এছাড়াও GCE-এর ক্ষেত্রে অংক অথবা অর্থনীতিতে 'বি' গ্রেড থাকতে হবে।	৬৬	৭	-	৭	৮০
০২	রাষ্ট্রবিজ্ঞান	-	৫৬	১৩	-	৬	৭৫
০৩	আন্তর্জাতিক সম্পর্ক	-	৩২	৪	-	৪	৪০
০৪	সমাজবিজ্ঞান	-	৬১	৮	-	৬	৭৫
০৫	গণযোগাযোগ ও সাংবাদিকতা	-	২২	৭	-	৪	৩৩
০৬	লোক প্রশাসন	-	২৭	২৭	-	৬	৬০
০৭	নৃবিজ্ঞান	-	২২	৪	-	৪	৩০
০৮	শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন	-	১৩	৪	-	৩	২০
০৯	উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ	-	১৮	২	-	৩	২৩
১০	ডেভেলপমেন্ট স্টাডিজ	পরিসংখ্যান/ অর্থনীতি/ গণিত এর যে কোন ১টি বিষয়ে A- (এ মাইনাস) গ্রেড থাকতে হবে। উল্লেখ্য, ইসলামী অর্থনীতি, বাণিজ্যিক অর্থনীতি এবং গার্হস্থ্য অর্থনীতি বিষয়গুলো অর্থনীতির বিকল্প হিসেবে গণ্য হবে না।	১৭	৫	-	৩	২৫
১১	পপুলেশন সায়েন্সেস	-	২৪	০	-	২	২৬
১২	টেলিভিশন, ফিল্ম এন্ড ফটোগ্রাফি	-	১৪	৯	-	২	২৫
১৩	ক্রিমিনোলজি	-	২৮	৪	-	৩	৩৫
১৪	কমিউনিকেশন ডিজঅর্ডারস	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিককে জীববিজ্ঞান থাকতে হবে।	১৩	০	-	২	১৫
১৫	প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ	-	১৪	৪	-	২	২০
১৬	জাপানিজ স্টাডিজ	-	২৮	৮	-	৪	৪০
১৭	বাংলা	২০০ নম্বরের বাংলা থাকতে হবে।	২২	৪	-	৪	৩০
১৮	ইংরেজী	-	১২	৪	-	৪	২০
১৯	আরবী	দাখিল পরীক্ষায় আরবী বিষয়ে 'বি' গ্রেড থাকতে হবে।	১৯	০	-	১	২০
২০	ফারসি ভাষা ও সাহিত্য	-	৯	৫	-	১	১৫
২১	উর্দু	-	৫	৫	-	০	১০
২২	সংস্কৃত	বাংলায় 'এ' গ্রেড থাকতে হবে।	১৪	৫	-	১	২০
২৩	পালি ও বুদ্ধিস্ট স্টাডিজ	বাংলায় A গ্রেড থাকতে হবে।	৯	৫	-	১	১৫
২৪	ইতিহাস	-	১৪	৫	-	৬	২৫

নং	বিভাগ	উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যা থাকা আবশ্যক ও অন্যান্য যোগ্যতা	মেধায় আসন সংখ্যা			কোটায় আসন সংখ্যা	সর্বমোট
			বিজ্ঞান	ব্যবসায়	মানবিক		
২৫	দর্শন	-	১৫	৫	-	৪	২৪
২৬	ইসলামিক স্টাডিজ	দাখিল/আলিম/এইচ.এস.সি পর্যায়ে ইসলাম শিক্ষা/আরবী থাকতে হবে।	৪	৪	-	২	১০
২৭	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	-	১০	৬	-	৪	২০
২৮	তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা	-	১৩	৪	-	৩	২০
২৯	থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ	ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর প্রার্থীদের নির্বাচনী বোর্ডের সামনে পারদর্শিতা প্রমাণ করতে হবে।	৮	৪	-	০	১২
৩০	সংগীত	প্রার্থীকে ভর্তি পরীক্ষা ছাড়াও ৫০ নম্বরের মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম ২৫ নম্বর পেতে হবে। সংগীত বিষয়ে আই মিউজ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী এবং যন্ত্রসংগীত বিষয় পড়তে আগ্রহী প্রার্থীকেও ভর্তির জন্য অগ্রাধিকার দেওয়া হবে।	১৮	১০	-	২	৩০
৩১	নৃত্যকলা	ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর ৫০ নম্বরের মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	৫	৫	-	০	১০
৩২	ভাষাবিজ্ঞান	২০০ নম্বরের বাংলা ও ২০০ নম্বরের ইংরেজী থাকতে হবে। IGCSE বা 'ও' লেভেল শিক্ষার্থীদের ইংরেজি বিষয়ে ন্যূনতম 'সি' গ্রেড থাকতে হবে।	১৮	৪	-	৩	২৫
৩৩	বিশ্বধর্ম ও সংস্কৃতি	-	১৪	৪	-	২	২০
৩৪	ম্যানেজমেন্ট	**মানবিক শাখা** ২০০ নম্বরের অর্থনীতি **বিজ্ঞান শাখা** ২০০ নম্বরের গণিত **মাদ্রাসা বোর্ড** ২০০ নম্বরের অর্থনীতি'র মধ্যে ১০০ নম্বরের ইসলামিক অর্থনীতি	১১	০	২	২	১৫
৩৫	একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস		১১	০	৩	১	১৫
৩৬	মার্কেটিং		১১	০	২	২	১৫
৩৭	ফিন্যান্স		১১	০	৩	১	১৫
৩৮	ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স		৭	০	২	১	১০
৩৯	ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস		৭	০	২	১	১০
৪০	ইন্টারন্যাশনাল বিজনেস		৭	০	২	১	১০
৪১	ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট		৭	০	২	১	১০
৪২	অর্গানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ		১৪	০	৪	২	২০
৪৩	ভূগোল ও পরিবেশ	ভূগোল/ বাণিজ্যিক ভূগোল/ অর্থনীতি/ পরিসংখ্যান এর যে কোন একটি বিষয়ে **'এ' গ্রেড** থাকতে হবে।	০	৫	-	০	৫
৪৪	মনোবিজ্ঞান	-	০	১৭	-	৩	২০
৪৫	পরিসংখ্যান	গণিতে A গ্রেড থাকতে হবে।	০	০	৩	০	৩
৪৬	আইন	-	৩৪	১৬	-	৫	৫৫
৪৭	সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট	-	১০	২	-	৩	১৫
৪৮	স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট	অর্থনীতি/ গণিত/ পরিসংখ্যান এর যে কোন ১টি বিষয় থাকতে হবে।	২৬	০	-	৪	৩০
৪৯	শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট	-	২৭	১৩	-	৫	৪৫
৫০	ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনেরাবিলিটি স্টাডিজ	-	২২	৮	-	৫	৩৫

নং	বিভাগ	উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যা থাকা আবশ্যক ও অন্যান্য যোগ্যতা	মেধায় আসন সংখ্যা			কোটায় আসন সংখ্যা	সর্বমোট
			বিজ্ঞান	ব্যবসায়	মানবিক		
৫১	আধুনিক ভাষা ইনস্টিটিউট BA Honours in English for Speakers of Other Languages (ESOL)	-	৯	৪	-	২	১৫
৫২	আধুনিক ভাষা ইনস্টিটিউট BA Honours in French Language and Culture (FLC)	-	৯	৫	-	১	১৫
৫৩	আধুনিক ভাষা ইনস্টিটিউট BA Honours in Chinese Language and Culture (CLC)	-	৯	৫	-	১	১৫
৫৪	আধুনিক ভাষা ইনস্টিটিউট BA Honours in Japanese Language and Culture (JLC)	-	৯	৫	-	১	১৫
		মোট =	**৯০৫**	**২৬৫**	**২৫**	**১৪১**	**১৩৩৬**

বি: দ্র:- কোটার (বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার) আসনসমূহ বিষয় বন্টনের সময়ে সমন্বয় করা হবে। কোটায় আসন সংখ্যা পূর্ণ না হলে মেধা তালিকা থেকে আসন পূরণ করা হবে। ভর্তি সংক্রান্ত নিয়মাবলির যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃ সংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
অধ্যাপক ড. জিয়া রহমান
ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ
ও
সমন্বয়কারী, 'ঘ' ইউনিট ভর্তি পরীক্ষা ২০২১-২০২২
ঢাকা বিশ্ববিদ্যালয়